রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ১৪, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(জাতীয় রাজস্ব বোর্ড)

প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে শ্রাবণ ১৪০২ বাং/১৩ই আগস্ট ১৯৯৫ ইং

এস, আর, ও নং ১৪২-আইন/৯৫।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা কর বিভাগ (২য় শ্রেণীর কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন ;

(খ) "কর বিভাগ" অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর নির্ধারণ, আদায় এবং তৎসম্পর্কিত যাবতীয় কার্যাবলী সম্পাদনের দায়িত্বে নিয়োজিত বিভাগ ;



মূল্যঃ টাকা ৩.০০

(গ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনষ্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগতযোগ্যতা নির্দেশক সার্টিফিকেট এবং এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট এর সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে ;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(ঙ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রদত্ত যে কোন কর্মকর্তা ;

(চ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ;

(ছ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(জ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনষ্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত ক্ষেত্রমত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষাবোর্ড বা ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষাবোর্ড, ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি ইত্যাদি।—(১) তফসিলে উল্লিখিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে ; যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যদি তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়, তবে উক্ত ব্যক্তিকে নিয়োগ করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোন ব্যক্তিকে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার, এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগ যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ;

(খ) সরকারী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ অনুসারে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোন স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ শিক্ষানবিসি মেয়াদ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিস মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে ; এবং

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, উক্ত মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিলনা বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভবনা নাই, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে ; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সে পদে প্রত্যাবর্তন করা যাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে পরীক্ষায় তিনি পাশ করেন ও সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। রহিতকরণ।—Gazetted Posts (Taxes Department) Recruitment Rules, 1981, Taxes Department Superintendent (Gazetted Class-II) Recruitment Rules, 1978 এবং Non-Gazetted Employes (Taxes Department) Recruitment Rules. 1984 এতদ্বারা রহিত করা হইল।

# তফসিল

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | অতিরিক্ত সহকারী কর কমিশনার | ৩০ বৎসর | (ক) ৮০% ভাগ পদ কর পরিদর্শকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী এবং বিভাগীয় পরীক্ষায় ৫০% নম্বরসহ উত্তীর্ণ। |
| | | | (খ) ২০% ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২ | প্রশাসনিক কর্মকর্তা | .. | ৯০% ভাগ পদ তত্ত্বাবধায়কগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ; এবং<br>১০% ভাগ পদ কর বিভাগের সাঁটলিপিকারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | তত্ত্বাবধায়কগণের ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের চাকুরী ; এবং<br>সাঁটলিপিকারগণের ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩ | ফিজিক্যাল ইনস্ট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | শরীরচর্চা শিক্ষা বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪ | তত্ত্বাবধায়ক | .. | প্রধান সহকারী এবং সাঁটলিপিকারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫ | স্বল্প পরিদর্শক | ৩০ বৎসর | (ক) ৩৫% ভাগ পদ প্রধান সহকারী, উচ্চমান সহকারী ও সাঁটলিপিকারগণের মধ্য হইতে এবং ১৫% ভাগ পদ সাঁটমুদ্রাক্ষরিকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | (ক) পদোন্নতির কোটার ৫০% ভাগ পদের ক্ষেত্রে ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী ও বিভাগীয় পরীক্ষায় ৫০% নম্বরসহ উত্তীর্ণ; এবং অবশিষ্ট ৫০% পদের ক্ষেত্রে ফিডার পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী ও বিভাগীয় পরীক্ষায় ৪০% নম্বরসহ উত্তীর্ণ। |
| | | | (খ) ৫০% ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ৬ | স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্নাতক ডিগ্রী। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭ | সাঁটলিপিকার | | The Stenographers and Stenotypists (Ministries/Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | |
| ৮ | প্রধান সহকারী | ঐ | উচ্চমান সহকারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৯ | গ্রন্থাগারিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। ডিগ্রী। |
| ১০ | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) ৫০% ভাগ পদ নিম্নমান সহকারী তথা-মুদ্রাক্ষরিকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্নাতক ডিগ্রী। |
| ১১ | সাঁটমুদ্রাক্ষরিক | | The Stenographers and Stenotypists (Ministries/Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। |
| ১৩ | পেশ ইমাম | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ফাজেল অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণের সার্টিফিকেট। কোরআনে হাফেজ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৪ | গাড়ীচালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস এবং হালকা ও ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৫ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | | L.D.-cum-Typists, Plain paper Copier, Duplicating Machine Operator, Daftry, Despatch Rider and MLSS (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |
| ১৬ | মোয়াজ্জেন | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | আলেম অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণের সার্টিফিকেট। মোয়াজ্জেন হিসাবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৭ | বেইলিফ | ৩০ বৎসর | (ক) ২৫% ভাগ পদ দপ্তরীগণের মধ্য হইতে ও ২৫% ভাগ পদ এম, এল, এস, এস, গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে;এবং | (ক) পদোন্নতির ক্ষেত্রে দপ্তরীগণের ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী ; এবং এম, এল, এস, এস, গণের ক্ষেত্রে ৮ (আট) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে এস, এস, সি বা সমমানের সার্টিফিকেট। |
| ১৮ | পাম্প চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট। |
| ১৯ | লাইনম্যান/ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | | L.D.-cum-Typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftry, Despatch Rider and MLSS (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |
| ২১ | দপ্তরী/রেকর্ডকীপার | | | |
| ২২ | এম,এল,এস,এস | | | |
| ২৩ | নোটিশ সার্ভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস। |
| ২৪ | নৈশ প্রহরী/দারোয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস এবং সুস্বাস্থ্যের অধিকারী। |
| ২৫ | বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস এবং কোন রেস্তোরা, হোটেল অথবা বেসরকারী প্রতিষ্ঠানে রান্নার কাজে ২ (দুই) বৎসর চাকুরীর অভিজ্ঞতা। |
| ২৬ | ঝাড়ুদার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ। |
| ২৭ | মালী/গার্ডেনার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ বাগান পরিচর্যার কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলী খান

সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।